ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৭৩ ● কলকাতা ● ১১ আষাঢ়, ১৪৩১ ● বুধবার ● ২৬ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



সোনাক্ষী কি পরিবারের অমতে বিয়ে করছেন? পৃঃ ৫



এমবাপের চোটে বিকল্প পরিকল্পনায় ফ্রান্স পৃঃ ৬

## ভিলেজ পুলিশের সিভিক ভলেন্টিয়ারদের দৈনিক মজুরি বাড়বে ৩৪ টাকা করে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যবাসীর জন্য বরাবরই সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । চাকরির অবস্থা খারাপ হলেও এনেছেন একের পর এক সরকারি প্রকল্প । আর এবার ২০২৪-এর সদ্যসমাপ্ত লোকসভা নির্বাচনে বিপুল ভোটে জয়লাভ করার পর রাজ্যের সিভিক ভলেন্টিয়ারদের দৈনিক মজুরি বৃদ্ধি করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।প্রসঙ্গত বাজেট অধিবেশনের রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছিলেন এই খাতে মোট ১৮০ কোটি টাকা বরাদ্দ করা করেছে রাজ্য সরকার। তাই সিভিক ভলেন্টিয়াররা বর্তমানে যে বেতন পেয়েছেন এবার তা থেকে তাঁরা আরোও হাজার টাকা করে বেশি পাবেন। এই বছরের শুরুতেই নবান্নের তরফ থেকে সিভিক ভলেন্টিয়ারদের বোনাস বৃদ্ধির কথা ঘোষণা করেছিল মমতা সরকার। সোমবার নবান্ন তরফ থেকে একটি সরকারি বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে এবার থেকে ভিলেজ পুলিশের সিভিক ভলেন্টিয়ারদের দৈনিক মজুরি বাড়বে ৩৪ টাকা করে। সবমিলিয়ে তাঁদের মাসিক বেতনে যোগ হচ্ছে এক হাজার টাকা। প্রসঙ্গত ইতিপূর্বে গত বছরের মার্চ মাসে রাজ্য পুলিশ, কলকাতা পুলিশের সিভিক ভলান্টিয়ার এবং পাশাপাশি ভিলেজ পুলিশের ভলান্টিয়াদেরও বেতন বৃদ্ধি করা হয়েছিল।

সেবার জানানো হয়েছিল রাজ্যের সিভিক ভলেন্টিয়াররা বোনাস হিসেবে প্রত্যেকে ৫৩০০ টাকা করে পাবেন। আগে এই সিভিক ভলেন্টিয়াররা মাত্র ২০০০ টাকা করে বোনাস পেতেন। উল্লেখ্য প্রায় ৪ বছর আগে ২০২০ সালের ৮ সেপ্টেম্বর থেকে এই নিয়ম চালু হয়েছিল। ২০২৩ সালের পুজোতেও সিভিক ভলান্টিয়াররা ওই একই পরিমাণ বোনাস পেয়েছেন। তবে চলতি বছর থেকেই সিভিক ভলিন্টিয়ারদের এই বোনাসের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

## রাজভবনে এসেই তাঁদের শপথ নিতে হবে সায়ন্তিকাকে





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বরাহনগরের জয়ী তৃণমূল প্রার্থী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়ের বিধানসভার অধ্যক্ষের কাছে শপথবাক্য পাঠ করতে চেয়ে রাজভবনে চিঠি পাঠিয়েছিলেন। মঙ্গলবার সেই চিঠিরই পাল্টা উত্তর এল রাজভবন থেকে। তিন পাতার চিঠি পাঠালেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।এরই প্রতিউত্তর এসেছে রাজভবন থেকে। রাজ্যপাল তিন পাতার চিঠিতে পাল্টা লিখেছেন, আগামিকাল রাজভবনে এসেই তাঁদের শপথ নিতে হবে। শুধু তাই নয়, চিঠিতে উল্লেখ রয়েছে শপথবাক্য পাঠ নিয়ে সুপ্রিম কোর্টে রায়ও। তবে এ দিনের চিঠিতেও কিন্তু কোথাও উল্লেখ নেই রাজভবনে কে নব নির্বাচিত প্রার্থীদের শপথ বাক্য পাঠ করাবেন। তবে থরে থরে লেখা ছিল মুখ্যমন্ত্রী সহ আর কে কে রাজভবনে শপথ নিয়েছেন। তাই সায়ন্তিকা-রেয়াতকে শপথ নিতে হবে রাজভবনেই স্পষ্ট করেছেন রাজ্যপাল বোস। রাজ্যসভার তৃণমূল সাংসদ শান্তনু সেন বলেন, "বিধানসভায় বিধায়করা শপথ নেবেন এটাই নিয়ম। শুধুমাত্র তৃণমূল ও তৃণমূল বিধায়কদের বিব্রত করতেই রাজ্যপাল বিজেপির অঙ্গুলীহিলনে এই অসহযোগিতা করছেন।" মূলত, বরাহনগর ও ভগবানগোলার নির্বাচিত বিধায়ক রেয়াত হোসেন সরকারের শপথ গ্রহণ ঘিরে বেশ কয়েকদিন ধরে রাজ্য-রাজভবনের জটিলতা চলছে।প্রথমে নতুন দুই বিধায়কের শপথের জন্য রাজভবনকে চিঠি পাঠায় বিধানসভার সচিবালয়। তারপরই রাজভবনের পক্ষ থেকে পাল্টা চিঠি দিয়ে জানতে চাওয়া হয় প্রবীণ মহিলা বিধায়ক-নবীন বিধায়ক কে রয়েছেন? তবে শপথ গ্রহণের সঙ্গে সেই চিঠির কী সম্পর্ক তা বুঝে উঠতে পারেনি বিধানসভার অধ্যক্ষ। এরপর ফের বিধানসভা চিঠি দিয়ে রাজভবনকে দ্রুত শপথ বাক্য পাঠের আবেদন করে। সেই চিঠির প্রেক্ষিতে সায়ন্তিকা ও রেয়াত হোসেনকে চিঠি পাঠায় রাজভবন। যদিও রেয়াতের দাবি তিনি কোনও চিঠি পাননি। অপরদিকে সায়ন্তিকার বক্তব্য, চিঠিতে কে শপথবাক্য পাঠ করাবেন সে কথা উল্লেখ নেই। গতকাল আবার সায়ন্তিকা চিঠি পাঠান সি ভি আনন্দ বোসকে। সেখানে তিনি লেখেন, "বিধানসভার সদস্য যখন আমি। তখন স্পিকার যদি শপথ বাক্য পাঠ করান তাহলে ভাল হয়। আপনি (রাজ্যপাল) এটা কনসিডার করুন। আমি এলাকার কাজ করতে পারছি না।"

## ফের তৃণমূলের নেতার দাদাগিরি, আর যার জেরে ভুক্তভুগি সহকারী প্রধান শিক্ষক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের তৃণমূলের নেতার দাদাগিরি! আর যার জেরে ভুক্তভুগি সহকারী প্রধান শিক্ষক। অভিযোগ শাসকদলের নেতাদের বাধায় ৬ বছর নিজের স্কুলেই ঢুকতে পারেননি ওই শিক্ষক ।কোনো রাস্তা না পেয়ে হাইকোর্টে ছোটেন ওই শিক্ষক। আর সেখানেই মিললো সুরাহা। এদিন মামলার শুনানিতে সবটা শুনে তীব্র ক্ষোভপ্রকাশ করেন বিচারপতি রাই চট্টোপাধ্যায়। বলেন, "একজন শিক্ষকের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ না করে এভাবে বেতন বন্ধ করে বসে থাকা যায়? আইন তো অন্য কথা বলছে।" এরপরই অবিলম্বে ওই শিক্ষককে স্কুলে যোগদান করানোর পাশাপাশি ২০১৭ সাল থেকে শিক্ষকের সমস্ত বকেয়া সুদ সমেত মেটানোর নির্দেশ দেয় কলকাতা হাইকোর্ট।এদিন বিচারপতি রাই চট্টোপাধ্যায়ের বেঞ্চে এই মামালা উঠলে বিচারপতির নির্দেশ, অবিলম্বে স্কুলে যোগদান করাতে হবে। পাশাপাশি ২০১৭ সাল থেকে শিক্ষকের সমস্ত বকেয়া সুদ সমেত মেটাতে হবে।

মূল ঘটনা: ২০১২ সালে বীরভূমের তেঁতুলবেড়িয়া জুনিয়র হাই স্কুলে ইতিহাসের শিক্ষক হিসেবে যোগ দেন সৌমেন্দ্রনাথ মিয়া। ২০১৬ সালে ওই স্কুলেরই টিচার ইনচার্জ পদ পান। শিক্ষকের অভিযোগ, ওই বছর থেকেই অবৈধ নির্মাণ নিয়ে তৃণমূল পরিচালিত পরিচালন কমিটির সঙ্গে তার বচসা শুরু হয়।

অভিযোগ, স্কুলের পরিচালন কমিটির সভাপতি ও স্থানীয় তৃণমূল নেতা রাজারাম ঘোষ সহ কমিটির কয়েকজন সদস্য

এরপর ৩ পাতায়






# অযোধ্যার রাম মন্দির নির্মাণে

## গলদ ধরা পরল - বর্ষার প্রথম বর্ষণেই মন্দিরের ছাদ থেকে টপ টপ করে জল পরছে



**সারাদিন :** বর্ষার প্রথম বর্ষণেই অযোধ্যার রাম মন্দিরের ছাদ থেকে জল লীগ করতে দেখা যায়, জল লিক করতে দেখা যায়। মন্দির নির্মাণ হবার এক বছর পেরোতে না পেরোতেই মন্দির নির্মাণে গলদ ধরা পড়লো। রাম মন্দিরের প্রধান পুরোহিত আচার্য সত্যেন্দ্র দাস জানিয়েছেন, মন্দিরের ছাদে কোন ড্রেনেজ সিস্টেম না থাকার কারণেই এইরকম পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বছরের শুরুতে জানুয়ারি মাসেই অযোধ্যার রাম মন্দিরের উদ্বোধন হয়েছে। ২৫ শে জানুয়ারি রাম মন্দিরের উদ্বোধন হবার পর চার মাস পেরোতে না পেরোতেই মন্দিরের ছাদ থেকে জল পড়তে শুরু করে দিয়েছে।

২০১৯ সালের ঐতিহাসিক রায়ের পর পাঁচ বছরের মধ্যে যুদ্ধকালীন তৎপরতায় রাম মন্দিরের কাজ শেষ হয়।

# তিস্তা ও গঙ্গার জল বণ্টন নিয়ে

## মমতার অভিযোগ নাকচ কেন্দ্র সরকারের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশকে তিস্তা ও গঙ্গার জল বণ্টন নিয়ে সোমবার ভারতের কেন্দ্রীয় সরকারকে নিশানা করেছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। এ নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠিও পাঠান তিনি। তার অভিযোগ ছিল, রাজ্যের সাথে কোনো আলোচনা না করেই ভারতের কেন্দ্রীয় সরকার বাংলাদেশকে জল বিক্রি করতে চাইছে। এমনকি হুঁশিয়ারি দিয়ে মমতা বলেন, কেন্দ্র যদি একতরফাভাবে সিদ্ধান্ত নেয়, তবে তার প্রতিবাদে গোটা দেশজুড়ে আন্দোলন গড়ে তোলা হবে। কিন্তু মমতার এই দাবিকে সম্পূর্ণ নস্যাৎ করেছে ভারতের কেন্দ্রীয় সরকার।

বিশ্বস্ত সূত্রের বরাত দিয়ে সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, গঙ্গার জল চুক্তি পুনর্নবীকরণ নিয়ে কেন্দ্রীয় সরকারের তরফে পশ্চিমবঙ্গ সরকারকে আগেই অবহিত করা হয়েছিল। কেন্দ্রীয় সরকার সূত্রের খবর, ২০২৩ সালের ২৪ জুলাই পশ্চিমবঙ্গ সরকারকে চিঠি লিখেছিল কেন্দ্র। তাতে ১৯৯৬ সালে স্বাক্ষরিত ভারত ও বাংলাদেশের মধ্যে গঙ্গার জল বণ্টন চুক্তির পুনর্নবীকরণ বিষয়ে অভ্যন্তরীণ পর্যালোচনা করার জন্য গঠিত কমিটিতে রাজ্যের তরফে মনোনীত প্রতিনিধি চাওয়া হয়েছিল। ওই বছরেরই ২৫ আগস্ট রাজ্য সরকারের তরফ থেকে কমিটির জন্য রাজ্যের সেচ ও জলপথ মন্ত্রণালয়ের প্রধান প্রকৌশলী (নকশা ও গবেষণা)-কে মনোনীত করা হয়। চলতি বছরের ৫ এপ্রিল, রাজ্য সরকারের সেচ ও জলপথ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব চিঠি দিয়ে ফারাক্কা ব্যারাজের ভাটির অংশ থেকে পরবর্তী ৩০ বছরের জন্য তাদের মোট পানির চাহিদার বিষয়টি জানিয়েছিলেন।

বাংলাদেশের সাথে জল বণ্টন নিয়ে ভারতের কেন্দ্র ও পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে যে মনোমালিন্য শুরু হয়েছে, তাতে মমতা ব্যানার্জিকে দায়ী করেছে কেন্দ্রীয় সরকার। রাজ্য সরকারকে অন্ধকারে রেখে কেন্দ্র জল বিক্রি করতে চাইছে মমতার এই অভিযোগকে 'মিথ্যা দাবি' বলে আখ্যায়িত করেছে কেন্দ্র।

সূত্রের বরাত দিয়ে সংবাদ সংস্থা এএনআই জানিয়েছে, পশ্চিমবঙ্গ সরকার মিথ্যা দাবি ছড়িয়েছে যে, ফারাক্কায় গঙ্গার জল ভাগাভাগি নিয়ে ১৯৯৬ সালের ভারত-বাংলাদেশ চুক্তির অভ্যন্তরীণ পর্যালোচনাতে তাদের সাথে পরামর্শ করা হয়নি।

গত শনিবার বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লি সফরকালে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঘোষণা দেন, ২০২৬ সালে গঙ্গা নদীর জল বণ্টন চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবে। তার পুনর্নবীকরণের জন্য উভয় দেশের কারিগরি বিশেষজ্ঞরা আলোচনা শুরু করবেন। একইসঙ্গে তিনি এটাও জানান, তিস্তা উন্নয়ন প্রকল্প সমীক্ষার ব্যাপারে ভারতের একটি কারিগরি দল খুব শিগগিরই বাংলাদেশ সফর করবে।


বাংলাদেশের সাথে গঙ্গা কিংবা তিস্তার জল বণ্টন নিয়ে

এরপর ৩ পাতায়

# গ্রেফতারি পরোয়ানা জারি করা হল সৌমিত্রর বিরুদ্ধে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :**
পুরনো একটি মামলায় তাঁকে একাধিক বার তলব করেছিল বিধাননগরের এমপি-এমএলএ কোর্ট। কিন্তু তিনি বার বার তলব এড়ান বলে অভিযোগ। আর সেই কারণেই তাঁর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হল বলে খবর। যদিও সৌমিত্রের দাবি, পশ্চিমবঙ্গে তৃণমূল না করলেই বিরোধীদের নামে মামলা দায়ের হয় এবং তাঁর সঙ্গেও একই ঘটনা ঘটেছে।এই প্রসঙ্গে আনন্দবাজার অনলাইনের তরফে সৌমিত্রের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, "আদালত কী নির্দেশ দিয়েছে আমি জানি না। আমি এখন দিল্লিতে রয়েছি। আইনজীবীদের সঙ্গে কথা বলে আইনি পদক্ষেপ করব। তবে এই রাজ্যে তৃণমূল না করলে বহু মামলা করা হয়। আমিও ভুক্তভোগী। অন্য দিকে, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রধানমন্ত্রী সম্পর্কে কুকথা বললে আইনি পদক্ষেপ হয় না। শুধু আমরা পুলিশি পদক্ষেপের বিরোধিতা করলে আমাদের নামে মামলা করা হয়। আমি আইন মেনে চলি। রাজ্যে ফিরে আইন মেনেই যা করার করব।"উল্লেখ্য, ২০২৩ সালে সোনামুখী থানা এলাকায় একটি অশান্তির ঘটনায় মামলা দায়ের হয় বিষ্ণুপুরের বিজেপি সাংসদের বিরুদ্ধে। সৌমিত্রের বিরুদ্ধে হিংসা ছড়ানো, মারধর এবং শ্লীলতাহানির অভিযোগও ছিল। সেই মামলাতেই তদন্ত করে আদালতে চার্জশিট পেশ করে পুলিশ। এর পরেই সৌমিত্রকে তলব করেছিল আদালত। অভিযোগ, একাধিক বার তলব করা হলেও হাজিরা দেননি তিনি। বার বার হাজিরা এড়িয়েছেন। আর তা নিয়েই মঙ্গলবার বিজেপি সাংসদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করল আদালত। ৯ জুলাই ফের সৌমিত্রকে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে। হাজিরা এড়ালে তাঁকে গ্রেফতারের নির্দেশও দিয়েছে এমপি এমএলএ আদালত।






# হাওড়াগামী দুন এক্সপ্রেসে দুষ্কৃতী তান্ডব





**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** সোমবার রাতে হাওড়াগামী দুন এক্সপ্রেসে দুষ্কৃতী তান্ডব। সংরক্ষিত কামরায় উঠে যাত্রীদের বেধড়ক মার দুষ্কৃতীদের। এই ঘটনায় আহত হয়েছেন অনেক যাত্রী। তিহারের কাছে একটি স্টেশন থেকে ওই দুষ্কৃতী দল গভীর রাতে হাওড়াগামী দুন এক্সপ্রেসের এস ৯ সংরক্ষিত কামরায় উঠে যাত্রীদের তুলে দিয়ে জোর করে বসার চেষ্টা করে। যাত্রীরা বাধা দিলে তাদের উপর ঝাঁপিয়ে পড়ে দুষ্কৃতী দল। প্রশ্নের মুখে রেল যাত্রীদের সুরক্ষা।যাত্রীদের দাবি এইরকম ঘটনা যদি ট্রেনে ঘটে তাহলে সাধারন মানুষ কোথায় সুরক্ষা পাবে।রেল পুলিশ তা হলে কেমন ডিউটি করে।

# শ্রমিক কল্যাণের আশ্বাস দিলেন মন্ত্রী শান্তনু ঠাকুর



**কলকাতা: নিউজ সারাদিন :** আজ, বিজেএমসির জাতীয় উপদেষ্টা বিশ্বপ্রিয় রায় চৌধুরীর নেতৃত্বে একটি প্রতিনিধিদল বাংলার সাংসদ এবং বন্দর, নৌপরিবহন ও জলপথের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের সাথে দেখা করেছেন। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে বিজেএমসির জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জি মিঠু জানান, শ্রমিকদের নিয়ে কথা হয়েছে। এই প্রতিনিধি দলে ছিলেন প্রাক্তন সাংসদ দীনেশ ত্রিবেদী, জাতীয় বিজেএমসি ওজিএস নাজির আনসারি, গুজরাট রাজ্য বিজেএমসি সভাপতি বিরাজ পাতিল, দিল্লি বিজেএমসি জিএস গোপাল সরকার, বসিরহাট বিজেএমসি সংস্থার সভাপতি জয়ন্ত মণ্ডল, উড়িষ্যা বিজেএমসি সভাপতি মানস বুর্সে, হরিয়ানা বিজেএমসি সভাপতি এবং বন্দর ও ডকের কর্মকর্তারা। বিভিন্ন রাজ্যের নেতারা জড়িত ছিলেন। নৌপরিবহন ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর শ্রমিক কল্যাণের জন্য বিজেএমসিকে সম্ভাব্য সব ধরনের সাহায্যের আশ্বাস দিয়েছেন এবং ভারতের বিভিন্ন বন্দরে শ্রমিক ইউনিয়নকে শক্তিশালী করার জন্য সাহায্যের জন্যও বলেছেন।

১-ম পাতার পর

# ফের তৃণমূলের নেতার দাদাগিরি, আর যার জেরে ভুক্তভুগি সহকারী প্রধান শিক্ষক

মিলে স্কুলের খেলার মাঠে অবৈধ নির্মাণ শুরু করেন। এই নিয়ে মামলাকারী বাধা দিলে তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করার পাশাপাশি পুলিশ দিয়েও হুমকি দেওয়া হয়। থানাতে প্রভাব খাটিয়ে স্কুলে ঢুকলে সৌমেন্দ্রনাথ মিয়াকে গ্রেফতার করা হবে বলেও শাসানি দেয় পুলিশ।

এই নিয়ে রাজ্য স্কুল শিক্ষা দপ্তর সহ স্থানীয় পুলিশকেও অভিযোগ জানালে কোনো সুরাহা হয়নি। বন্ধ করে দেওয়া হয় বেতনও। ওই শিক্ষকের অভিযোগ, পরবর্তী সময়ে তাকে পদত্যাগের জন্য চাপ দেওয়া হতে থাকে। চাপে পড়ে তিনি স্কুল কর্তৃপক্ষের কাছে পদত্যাগপত্র পাঠিয়ে দেন। তবে এই নিয়ে স্কুল কর্তৃপক্ষ তরফে কোনো সিদ্ধান্তের কথা না জানানোয় তিনি পদত্যাগপত্র প্রত্যাহার করে নেন। আবার আগের মতো স্কুলে যোগদান করার জন্য শিক্ষাদপ্তরের কাছে আবেদন জানান।

এদিন আদালতের ওই শিক্ষকের আইনজীবীর সওয়াল, স্কুল কর্তৃপক্ষ কিছু না জানিয়ে বেতন বন্ধ করে দিতে পারে না। তাকে শোকজ, সাসপেন্ড কিছুই করা হয়নি। বেতন বন্ধ করে দেওয়া হয়েছে। যা নিয়ম বিরুদ্ধ। স্কুল কর্তৃপক্ষ যেসব অভিযোগ এনেছিল তারও কোনও প্রমাণ তারা দিতে পারেননি।

আইনজীবী আরও বলেন, কোনও শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ এলে যদি তৎক্ষণাৎ কোনও ব্যবস্থা না নেওয়া হয় এবং এভাবে তিন বছর অতিক্রান্ত হয়ে যায় তাহলে তার বিরুদ্ধে আর কোনও ব্যবস্থা নেওয়া যায় না। রাজ্য সরকার ও স্কুল কর্তৃপক্ষ বেতন বন্ধ করে ৭ বছর কিভাবে বসে থাকতে পারে? রাজ্য সরকার এবং স্কুল কর্তৃপক্ষের আইনজীবীরা নিজেদের কাজের স্বপক্ষে কোনো যুক্তি দিতে পারেননি।

# জেল থেকে ছেড়ে দেওয়া হয়েছে উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জেকে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জেল থেকে ছেড়ে দেওয়া হয়েছে উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জেকে। ব্রিটেনের জেল থেকে ছাড়া পেয়ে তাঁর প্রশান্ত মহাসাগরের দ্বীপ সাইপানের দিকে রওনা হয়েছেন অ্যাসাঞ্জে। সম্ভবত, ভারতীয় সময়ে, মঙ্গলবার রাতেই সেখানে আদালতে হাজিরা দেবেন তিনি। তারপর রওনা হবেন নিজের দেশ অস্ট্রেলিয়ায়। সাংবাদিকদের আন্তর্জাতিক মঞ্চ 'কমিটি টু প্রোটেক্ট জার্নালিস্টস'-র সিইও জোডি গিনসবার্গ বলেছেন, " অ্যাসাঞ্জের বিচারপ্রক্রিয়া সলবাদমাধ্যমের স্বাধীনতার ওপর গভীর নেতিবাচক প্রভাব ফেলেছে। অ্যাসাঞ্জের মুক্তিকে স্বাগত জানাচ্ছি। কিন্তু আমেরিকা যেভাবে তাঁকে হাতে পাওয়ার জন্য মরিয়া অভিযান চালিয়েছে এবং কারাবন্দি করেছে বহু সাংবাদিকের কাজের ওপর তার প্রভাব পড়বে এবং পড়ছে। চরবৃত্তি রোধ আইনে সাংবাদিকদের গ্রেপ্তার করা চলতে থাকলে তা বিপজ্জনক।''উইকিলিকস ওয়েবসাইটে মার্কিন যুক্তরাষ্ট্রের গোপন বিভিন্ন নথি ফাঁস করে দিয়েছিলেন অ্যাসাঞ্জে। মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা নথি বেরিয়ে যাওয়ায় ইরান এবং আফগানিস্তানে সামরিক কারাগারে মানবাধিকার লঙ্ঘন, জঘন্য অত্যাচারের মতো অভিযোগের প্রমাণ মিলেছিল হাতেনাতে। তোলপাড় হয়েছিল সারা বিশ্ব। আর আমেরিকা সব শক্তি দিয়ে নেমেছিল অ্যাসাঞ্জেকে নিজেদের হাতে নিয়ে কড়া শাস্তির মুখে ফেলতে।

অ্যাসাঞ্জের মুক্তির দাবি বিশ্বের বহু অংশে দীর্ঘদিন ধরেই সরব। ঠিক হয়েছে গোপন নথি ফাঁসের জন্য দোষ স্বীকার করে নেবেন তিনি। এই শর্তে রাজি হয়েছেন অ্যাসাঞ্জে।

ব্রিটেনের বেলমার্শ জেল থেকে ছেড়ে দেওয়া হয়েছে অ্যাসাঞ্জেকে। মার্কিন প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সাইপানের আদালতে হাজিরা দেবেন অ্যাসাঞ্জে। সেখানে তাঁর ৬২ মাসের সাজা ঘোষণা হওয়ার কথা। এই মেয়াদ তিনি জেলে কাটিয়ে দিয়েছেন এর মধ্যেই। অ্যাসাঞ্জের মুক্তিকে স্বাগত জানিয়েছে সিপিআই(এম)। সোশাল মিডিয়ায় পোস্টে সিপিআই(এম) বলেছে, নৃশংস যুদ্ধ অপরাধ ফাঁস করে দিয়েছিলেন অ্যাসাঞ্জে। তার জন্য অন্যায়ভাবে তাঁকে কারাবন্দি থাকতে হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র এবং তার সহযোগীদের মানবতা বিরোধী অপরাধ দুনিয়ার সামনে তুলে ধরছেন অ্যাসাঞ্জে।

ব্রাজিলের রাষ্ট্রপতি লুলা ডা সিলভা বলেছেন, "আজ এই বিশ্ব অন্তত কিছুটা বেশি ভালো, কিছুটা কম ন্যায়হীন। ১৯০১ দিন কারাবন্দি থাকার পর মুক্তি পাচ্ছেন জুলিয়ান অ্যাসাঞ্জে। তাঁর মুক্তি গণতন্ত্র এবং সংবাদমাধ্যমের স্বাধীনতার পক্ষে লড়াইয়ের জয়।

ব্রিটেনের 'গার্ডিয়ান' পত্রিকার প্রাক্তন সম্পাদক অ্যালান রুসব্রিজার বলেছেন, "চরবৃত্তির অভিযোগ তারর বিরুদ্ধে দায়ের হয়েছে। সেই দায় মেনেই দোষ স্বীকার করতে হচ্ছে তাঁকে। তার জন্য আমি অন্তত দুঃখিত। আমরা কেউ মনে করি না যে তিনি চরবৃত্তি চালিয়েছেন। তিনি দুনিয়ার সংবাদমাধ্যমের সামনতে সত্যকে হাজির করেছেন। বিপদের হলো, এই ঘটনা জাতীয় সুরক্ষার নামে অন্যায়কে ফাঁস করার যে কোনও প্রয়াস আটকে দিতে সাহায্য করবে। এই কৌশল অনেকটা কাজ করছে।"

# বুধবার লোকসভার স্পিকার পদে নির্বাচনে মুখোমুখি হতে চলেছেন কে সুরেশ এবং ওম বিড়লা



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** বুধবার লোকসভার স্পিকার পদের নির্বাচনে মুখোমুখি হতে চলেছেন এনডিএ জোটের প্রার্থী ওম বিড়লা এবং ইন্ডিয়া ব্লকের কে সুরেশ। সংসদীয় গণতন্ত্রে সব থেকে গুরুত্বপূর্ণ এবং গণতন্ত্রের ইতিহাসে প্রথমবার হতে চলেছে এই লড়াই। ডেপুটি স্পিকার এবং স্পিকার সাধারণত নির্বাচিত হয়ে থাকেন আলোচনা সাপেক্ষে সরকারি দল কিংবা জোট এবং বিরোধীদল কিংবা জোটের থেকে নির্বাচিত হয়। কিন্তু ২০১৪ এবং ২০১৯ এ কংগ্রেস সেই দাবি কিংবা সুবিধা পায়নি। কারণ তারা বিরোধী দলের মর্যাদাই পায়নি। আর ২০১৯ এর নির্বাচনের পরে ডেপুটি স্পিকার পদে কেউ ছিলেন না। বুধবার সকালে রাজস্থানের কোটার তিনবারের সংসদ তথা গত লোকসভার স্পিকার ওম বিড়লা প্রতিদ্বন্দ্বিতা করতে চলেছেন কেরলের মাভেলিকারার আট বারের সাংসদ কংগ্রেসের কোডিকুনিল সুরেশের সঙ্গে। যেহেতু এনডিএ জোটে ২৯৩ জন সংসদ আর বিরোধী জোটে ২৩২ জন সাংসদ রয়েছেন সেহেতু স্পিকার পদে নির্বাচনে ওম বিরলার জয়ের সম্ভাবনা বেশি। মঙ্গলবার মনোনয়ন জমা দেওয়ার পরে কে সুরেশ সাংবাদিকদের জানান " এটা দলের সিদ্ধান্ত, তাঁর নয়"। তিনি আরো বলেন সাধারণত ডেপুটি স্পিকার নির্বাচিত হন বিরোধীদের পক্ষ থেকে। কিন্তু বিজেপি তা করতে তৈরি নয়। এর প্রত্যুত্তরে কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল বলেন, "ডেপুটি স্পিকার পদটি বিরোধীদলের সদস্যের কাছে যাবে এমন কোন নজির নেই"।

# রামকৃষ্ণ মিশনের সহসজ্ঞাধ্যক্ষ শ্রীমৎ স্বামী দিব্যানন্দজী পূর্বতম প্রাক্তন সহসজ্ঞাধ্যক্ষ শ্রীমৎ স্বামী গীতানন্দজীর স্মৃতি ফলক উন্মোচন করেন

**বেবি চক্রবর্তী, বালিগঞ্জ : নিউজ সারাদিন :** গোলপার্ক রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারে অনুষ্ঠানটি হয় গুরুদেবের শতবর্ষ উদযাপন করেন স্বামী গীতানন্দ বার্থ সেন্টিনারি সোসাইটি ২১ শে এপ্রিল ২০২৪। সোমবার সকাল ৮ টায় বালিগঞ্জ রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হয়।পূজ্যপাদ শ্রীমৎ স্বামী গীতানন্দজী মহারাজ পূর্বতন সহ সংজ্ঞাধ্যক্ষ রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে ২১শে এপ্রিল ২০২৪। মহাবীর জয়ন্তীর দিন উনার জন্ম তিথি। আর সেই জন্ম তিথিতে স্বামী গীতানন্দ বার্থ সেন্টিনারী সোসাইটির সদস্যদের মিলিত চেষ্টা তে নর নারায়ণ সেবার জন্য গোলপার্ক রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারের পক্ষ থেকে রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানের হাতে প্রায় কুড়ি লক্ষ দুই হাজার টাকা অনুদান তুলে দেন পূজ্যপাদ শ্রীমৎ স্বামী গীতানন্দজীর মহারাজের নামাঙ্কিত একটি শয্যার জন্য।

আজ ২৪শে জুন ২০২৪ পূজ্যপাদ শ্রীমৎ স্বামী দিব্যানন্দজী রামকৃষ্ণ মঠ - মিশনের সহসজ্ঞাধ্যক্ষের সেই ফলক টি উন্মোচন করলেন সমবেত একটি অনুষ্ঠানের দ্বারা। এছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অন্যান্য মহারাজ সহ শ্রীমৎ স্বামী গীতানন্দজী মহারাজের ওয়াকিং কমিটির সেক্রেটারি ডঃ কল্পনা সরকার সহ আরও অনেকেই।

রামকৃষ্ণ মিশন ও মঠের প্রাক্তন সহসজ্ঞাধ্যক্ষ শ্রীমৎ স্বামী গীতানন্দজী মহারাজের শতবর্ষ পালন কমিটি, মহারাজের স্মৃতির উদ্দেশ্যে তাঁর নামাঙ্কিত একটি শয্যার জন্য রামকৃষ্ণমিশন সেবা প্রতিষ্ঠানের হাতে প্রায় কুড়ি লক্ষ টাকার একটি চেক তুলে দেয়, গত ২১শে এপ্রিল ২০২৪।

সোমবার ২৪শে জুন সেই শয্যা টির অনুষ্ঠানিক উদ্বোধন করেন মিশনের সহ অধ্যক্ষ শ্রীমৎ স্বামী দিব্যানন্দজীর করকমল স্পর্শে, অন্যান্য মহারাজ ও কমিটির সদস্যদের উপস্থিতিতে ঠাকুর শ্রীরামকৃষ্ণ এবং শ্রীশ্রী মা সারদা - স্বামীজি কে পুষ্পার্ঘ্য প্রদান করে বৈদিক মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে অনুষ্ঠানের আরম্ভ হয়। শয্যাটি মহিলা বিভাগে স্থান পেয়েছে।

পাশাপাশি আরও জানা যায় যে পূজ্যপাদ শ্রীমৎ স্বামী দিব্যানন্দজী মহারাজ সহ সজ্ঞাধ্যক্ষ রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন এবং অধ্যক্ষ কাশীপুর উদ্যানবাটীর। তিনি রামকৃষ্ণ মঠ ও মিশনের সহ সজ্ঞাধ্যক্ষ হওয়ার পর এই প্রথমবার এলেন রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে। তাঁর আগমন আমাদের কাছে বড় প্রাপ্তি এমনটাই মন্তব্য করেন সেবা প্রতিষ্ঠানের দায়িত্ব প্রাপ্ত মহারাজ সূত্রের খবর।

এছাড়াও স্বামী অভেদানন্দ রচিত শ্রীসারদাদেবী স্তোত্রম্ এর প্রথম শ্লোক " প্রকৃতি পরমআমভয়াং বরদাং, নবরূপধরাং জনতাপহরাং। শরণাগত সেবকতোষকরীং, প্রণামামি পরাং জননীং জগতাম্‌" --- যিনি পরমা প্রকৃতি যিনি অভয়া ও বরদা নরদহে অবতীর্ণা, যিনি জীবদুঃখহারিণী এবং শরণাগত সেবকের যিনি আনন্দ - বিধায়িনী, সেই সর্বরাধ্যা জগজ্জননীকে প্রণাম। মা শব্দে যেন মন শুদ্ধ হয়। স্বামী অরূপানন্দ - লিখিত শ্রীশ্রী মায়ের জীবনী সম্বলিত " আমাদের মা " এই বইটি শ্রীমৎ স্বামী দিব্যানন্দজী সবার হাতে একটি করে বই উপহার দেন।

২ পাতার পর

# তিস্তা ও গঙ্গার জল বণ্টন নিয়ে মমতার অভিযোগ নাকচ কেন্দ্র সরকারের

দীর্ঘদিন ধরেই আপত্তি জানিয়ে আসছেন মমতা ব্যানার্জি। তার বক্তব্য, ফারাক্কা চুক্তির কারণে আমরা ১৯৯৬ সাল থেকে কষ্ট ভোগ করছি। বাংলার জল বিক্রি দেওয়ার অর্থ হলো, আগামী দিনে গঙ্গার ভাঙন বাড়বে, মানুষের ঘরবাড়ি জলের তলায় তলিয়ে যাবে। ফারাক্কায় ড্রেজিং না করার ফলে কলকাতা বন্দরের নাব্যতা কমে গেছে, টান পড়েছে লাখ লাখ মানুষের জীবিকায়। আবার তিস্তার জল নিয়ে তার অভিমত, তিস্তায় জল নেই। সেখান থেকে জল দিলে উত্তরবঙ্গের একাংশের মানুষ আগামী দিনে খাবার জল পাবে না, বিশাল অংশের মানুষের কৃষি কাজে সমস্যা হবে। অর্থাৎ রাজ্যের স্বার্থ ক্ষুণ্ণ করে কোনোভাবেই জল দেওয়া সম্ভব নয়।

মোদিকে লেখা তিন পাতার চিঠিতে গোটা বিষয়টি নিয়ে বিস্তারিত উল্লেখ করে মমতা লেখেন, বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ভারত সফরে ভারতীয় প্রধানমন্ত্রীর সাথে অনুষ্ঠিত বৈঠকে গঙ্গা ও তিস্তা নদীর জল বণ্টন নিয়ে আলোচনা হয়েছে। রাজ্য সরকারের পরামর্শ ও মতামত ছাড়া এ ধরনের একতরফা আলোচনা কোনোভাবেই গ্রহণযোগ্য বা কাম্য নয়।

মমতার অভিমত, এ ধরনের চুক্তির প্রভাবে পশ্চিমবঙ্গের মানুষ সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে। তিনি বলেন, আমি বুঝতে পেরেছি যে, ভারতের কেন্দ্রীয় সরকার ভারত-বাংলাদেশ ফারাক্কা চুক্তি (১৯৯৬) পুনঃনবীকরণের প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে, কারণ এই চুক্তির মেয়াদ ২০২৬ সালে শেষ হবে। এটি এমন একটি চুক্তি যা বাংলাদেশ ও ভারতের মধ্যে জল বণ্টনের নীতিগুলি বর্ণনা করে এবং আপনি জানেন, রাজ্যের মানুষের জীবন-জীবিকা বজায় রাখার জন্য ফারাক্কা থেকে পাওয়া পানির বিশাল প্রভাব রয়েছে এবং ফারাক্কা ফিডার ক্যানেল এর মাধ্যমে যে জল আসে, তা কলকাতা বন্দরের নাব্যতা বজায় রাখতে সাহায্য করে। তা না হলে গঙ্গায় পলি পড়ে কলকাতা বন্দর তার জাহাজ চলাচলের উপযোগী নাব্যতা হারাবে।

# জরুরি অবস্থার সময়ে যাঁরা প্রতিবাদ ও প্রতিরোধ করেছিলেন তাঁদের শ্রদ্ধা জানালেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২৫ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** জরুরি অবস্থার সময়ে যাঁরা প্রতিবাদ ও প্রতিরোধ করেছিলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী তাঁদের শ্রদ্ধা জানিয়েছেন। এক্স বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন:

"জরুরি অবস্থার প্রতিবাদ ও প্রতিরোধ যাঁরা করেছিলেন, সেইসব মহান পুরুষ ও নারীকে শ্রদ্ধা জানাবার দিন আজ। জরুরি অবস্থার কালো দিনগুলি আমাদের মনে করিয়ে দেয় কিভাবে কংগ্রেস মানুষের মৌলিক স্বাধীনতা হরণ করেছিল এবং যে সংবিধানকে প্রতিটি ভারতীয় শ্রদ্ধার চোখে দেখে, সেই সংবিধানকে পদদলিত করেছিল।"

# কেন্দ্র সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে ২০২৫-এর ৩১ মার্চ পর্যন্ত গম মজুতের সীমা বেঁধে দিল

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে এবং নজরদারি ও ফাটকাবাজি প্রতিরোধে ভারত সরকার সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের পাইকারি বিক্রেতা, খুচরা বিক্রেতা, বৃহৎ শৃঙ্খল খুচরা ব্যবসায়ী এবং প্রক্রিয়াকারকদের জন্য গমের মজুতের ঊর্ধ্বসীমা বেঁধে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। রিমুভাল অফ লাইসেন্সিং রিকোয়্যারমেন্টস, স্টক লিমিটস অ্যান্ড মুভমেন্ট রেস্ট্রিকশন্স অন স্পেসিফায়েড ফুড স্টাফস (অ্যামেন্ডমেন্ট) অর্ডার ২০২৪ জারি হয়েছে আজ অর্থাৎ ২৪ জুন ২০২৪ থেকে এবং এটি প্রযোজ্য হবে ৩১ মার্চ ২০২৫ পর্যন্ত সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য। পাইকারি ব্যবসায়ীরা ৩,০০০ মেট্রিকটন; খুচরা ব্যবসায়ীরা প্রতিটি খুচরা বিক্রয় কেন্দ্রের জন্য ১০ মেট্রিকটন; বৃহৎ শৃঙ্খল খুচরা ব্যবসায়ীরা প্রতিটি বিক্রয় কেন্দ্রের জন্য ১০ মেট্রিকটন এবং সবকটি ডিপোর জন্য ৩,০০০ মেট্রিকটন গম মজুত করতে পারবে। প্রক্রিয়াকারকদের ক্ষেত্রে মজুত করার ঊর্ধ্বসীমা হবে তাদের মাসিক উৎপাদন ক্ষমতাকে ২০২৪-২৫ অর্থ বছরের বাকি মাসগুলি দিয়ে গুণ করার পর যে পরিমাণ বেরোবে তার ৭০ শতাংশ। উপরিল্লিখিত ব্যবসায়িক সংস্থাদের তাদের মজুতের পরিমাণ খাদ্য ও গণবণ্টন দপ্তরের https://evegoils.nic.in/wsp/login- এই পোর্টালে নিয়মিত জানাতে হবে। যদি মজুতের পরিমাণ নির্ধারিত সীমার বেশি থাকে, তাহলে তাদের এই বিজ্ঞপ্তি জারির ৩০ দিনের মধ্যে তা কমিয়ে নির্ধারিত সীমার মধ্যে আনতে হবে।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৭৩ সংখ্যা ২৬ জুন, ২০২৪ মঙ্গলবার ১১ আষাঢ়, ১৪৩১

## সম্পাদকীয়

# লোকসভার অধ্যক্ষ নির্বাচন নিয়ে 'ইন্ডিয়া' জোটের মধ্যে ফাটল শেষ পর্যন্ত এড়ানো সম্ভব হয়েছে

লোকসভার অধ্যক্ষ নির্বাচন নিয়ে 'ইন্ডিয়া' জোটের মধ্যে ফাটল শেষ পর্যন্ত এড়ানো সম্ভব হয়েছে। মঙ্গলবার সংসদে রাহুল গান্ধি ও তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মধ্যে কথার পরেই গলেছে বরফ। রাতে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের বাড়িতে ইন্ডিয়া জোটের বৈঠকে যোগ দিয়েছেন তৃণমূল কংগ্রেসের দুই নেতা ডেরেক ও'ব্রায়েন ও কল্যাণ বন্দ্যোপাধ্যায়।ঘাসফুল শিবিরের ক্ষোভের কথা জানতে পেরেই সক্রিয় হন রাহুল গান্ধি। নতুন সাংসদদের শপথগ্রহণের সময়েই অধিবেশন কক্ষে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আলাদা করে কথা বলেন। সূত্রের খবর, তৃণমূলের সঙ্গে কোনওরকম আলোচনা না করে প্রার্থী ঘোষণা নিয়ে দুঃখপ্রকাশ করেছেন রাহুল গান্ধি। কংগ্রেসের সেনাপতি দুঃখপ্রকাশের পরেই সুর নরম করেন অভিষেক। এদিন রাতে ইন্ডিয়া জোটের যে বৈঠক রয়েছে তাতে তৃণমূল কংগ্রেস প্রতিনিধি পাঠাবে বলেও রাহুলকে আশ্বস্ত করেন ঘাসফুল শিবিরের সেকেন্ড ইন কম্যান্ড। কংগ্রেস সূত্রে জানা গিয়েছে, লোকসভার অধ্যক্ষ পদে যাতে কে সুরেশকে সমর্থন করা হয়, ইন্ডিয়া জোটের সব শরিক দলের প্রতিনিধিদের কাছে সেই আর্জি জানাবেন মল্লিকার্জুন খাড়গেরা। ইতিমধ্যেই আগামিকাল বুধবারের লোকসভার অধ্যক্ষ নির্বাচনে দলীয় সাংসদদের অংশ নেওয়ার জন্য হুইপ জারি করেছে কংগ্রেস।পাশাপাশি বুধবার লোকসভার অধ্যক্ষ নির্বাচনেও 'ইন্ডিয়া' জোটের প্রার্থী তথা কংগ্রেস সাংসদ কে সুরেশকে সমর্থনের সিদ্ধান্ত নিয়েছে ঘাসফুল শিবিরের শীর্ষ নেতৃত্ব।


লোকসভার অধ্যক্ষ পদে নির্বাচন এড়ানোর একটা চেষ্টা চালিয়েছেন বিজেপির শীর্ষ নেতারা। যদিও নরেন্দ্র মোদি-অমিত শাহদের পাতা ফাঁদে পা না দিয়ে কে সুরেশকে লোকসভার অধক্ষ পদে প্রার্থী হিসাবে দাঁড় করায় কংগ্রেস শীর্ষ নেতৃত্ব। বিরোধী 'ইন্ডিয়া' জোটের তরফে তিনি লড়ছেন বলে জানানো হয়। যদিও তৃণমূলের সঙ্গে প্রার্থী নিয়ে আলোচনা না করায় ক্ষুব্ধ হন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়। ইন্ডিয়া জোটের প্রার্থী কে সুরেশকে সমর্থন করা হবে কিনা, সে বিষয়ে তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন বলে জানান তিনি।

# চূড়ান্ত ভোগান্তিতে সাধারণ মানুষ,

## বাতিল ৩০০ লোকাল এবং এক্সপ্রেস ট্রেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আবার টানা ১০ দিনের ট্রেন ভোগান্তির খবর এলো। গত কয়েকদিন আগেই শিয়ালদাহ স্টেশনে দীর্ঘ কাজ চলার ফলে একাধিক ট্রেনকে ঘুর পথে চালানো হয। দমদম স্টেশন পর্যন্ত চালানো হয় বহু লোকাল ট্রেনকে। এর ফলে ব্যাপক ভোগান্তির মধ্যে পড়তে হয়েছে নিত্যযাত্রী অসাধারণ মানুষদের। রেল সূত্রে জানা গেছে, খড়গপুর ডিভিশনের হাওড়া আন্দুল স্টেশনে নন ইন্টারলোকিংয়ের কাজ দশ দিন ধরে চলবে। এই জন্য দশ দিনে অন্তত ৩০০টি লোকাল ট্রেন এবং বাতিল থাকছে। ৩২ জোড়া এক্সপ্রেস ট্রেনও বাতিলের তালিকায় আছে বলে দক্ষিণ পূর্ব রেলের তরফ থেকে বিস্তারিত জানিয়ে একটা বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। এই বিজ্ঞপ্তিতে নন ইন্টারলকিং এর কথাও উল্লেখ করা হয়েছে। রেলের বিজ্ঞপ্তি থেকে আরো জানা যায় যে এক্সপ্রেস বা লোকাল ট্রেন বাতিলই নয় একাধিক ট্রেনের যাত্রাপথও ছোট করা হয়েছে এবং কিছু ট্রেনকে ঘুর পথে চালানো হবে। এছাড়া দক্ষিণ পূর্ব রেলের তরফে জানা গেছে বেশকিছু লোকাল ট্রেনের সময়েরও পরিবর্তন করা হয়েছ। রেলের এই কাজের জন্য বহু যাত্রী যে চূড়ান্ত ভোগান্তির মধ্যে পড়তে চলেছে তা কার্যত নিশ্চিত। যদিও ভারতীয় রেল দাবী করছে কিছুটা ভোগান্তি হলেও আগামী দিনে ওই লাইনে রেল পরিষেবা আরো মসৃণ হবে।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

"শক্তি ঔষধালয়" -এর প্রতিষ্টাতা। প্রথম জীবনে ঢাকার রোয়াইল গ্রামে; হাইস্কুলের প্রধান শিক্ষক হিসাবে কাজ করতে করতে আয়ুর্বেদ ঔষধের ব্যবসা শুরু করেন। ঢাকার দয়াগঞ্জে স্বামীবাগ-এ " শক্তি ঔষধালয়ের" ভিতরে; প্রথম লোকনাথ ব্রহ্মচারীর মন্দির নির্মাণ করেন।ব্রহ্মানন্দ ভারতীর মতন আরেক ঢাকার জজকোর্টের উকিল হরিহরণ চক্রবর্তীও; বাবার দর্শন করতে এসে বারদী থেকে যান। হরিহরণের গুরুভক্তিতে প্রসন্ন হয়ে; বাবা লোকনাথ নিজের ব্যবহৃত পাদুকা দান করেন। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আজকের সাংবাদিকথার ভবিষ্যৎ কী



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)

কৌশলগতভাবে বিজেপি সরকার গ্রামের ছোট কাগজের কণ্ঠরোধ করে দিয়ে কাগজগুলো প্রায় বিলুপ্তির পথে ফেলে দিয়েছে বিশেষ করে পশ্চিমবাংলার এক কোটি কাগজকে এইরকম গলাটিপে হত্যা করার মতো পরিস্থিতি তৈরি করেছে। বামফ্রন্ট ও কংগ্রেসের থাকাকালীন এইরকম দুর্দশা ছিলনা বর্তমান যা পরিস্থিতি সংবাদমাধ্যমের মালিক-কর্মচারী ও সাংবাদিকরা কয়েক লক্ষ বেকারের পথে অর্থনৈতিক অবস্থা তাদের ভেঙে পড়েছে। তার হিসাব কেন্দ্রীয় সরকার তো রাখেনি না রাজ্য সরকার তো দূরের কথা। গ্রাম গঞ্জের ছোটকাগজ কে কেন্দ্র করে বহু বেকার যুবক-যুবতীরা এবং শিক্ষিত সমাজ গ্রামের কৃষ্টি কালচার ও সংস্কৃতি এবং সে কাগজগুলো প্রায় কয়েক কোটি করে কয়েক পাঠক তৈরী করে রেখেছে সমস্ত কাগজ মিলিয়ে। তাদের কণ্ঠকে গলাটিপে রোধ করার চেষ্টা করছে কেন্দ্রীয় সরকার এমনই অভিযোগ বহুদিনের বিশেষ করে মোদি জামানার। করোনাভাইরাস প্রকট এ ছাড়া ভারতবর্ষজুড়ে লকডাউন দীর্ঘকালীন ফলে সংবাদমাধ্যমের মালিক ও কর্মচারীদের অবস্থা অর্থনৈতিক দিক দিয়ে অনেকটা বিপর্যস্ত হয়ে পড়েছে। তেমনই পরিস্থিতির মধ্যে রয়েছে সারা ভারতবর্ষের একাধিক সংবাদমাধ্যম ও সাংবাদিকরা। দৈনিক পত্রিকার সম্পাদক অর্থনৈতিক অবস্থা বেহাল এবং কাগজ চালাতে হিমশিম খাচ্ছে মালিকপক্ষ রাও এ বিষয়ে একাধিক পত্রপত্রিকাসহ ইন্ডিয়ান জার্নালিস্ট এন্ড অল এডিটর অ্যাসোসিয়েশন পাশে দাঁড়িয়ে তেমনি কোনো সমাধান হয়নি এই দুর্দশার দিনে।তবে বাংলার সংবাদমাধ্যমে সংস্থার পাশে জীবন থাকতে পিছপা হবেনা অ্যাসোসিয়েশনের জাতীয় সহ সম্পাদক স্বপন দত্ত।তিনি বলেন লকডাউন এর পরবর্তী সময়ে ঝাড়খণ্ডের বাংলা দৈনিক পত্রিকার কলকাতায় সমস্ত ধরনের কাজের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দিতে চেয়েছেন। দৈনিক বাংলা পত্রিকার সম্পাদক মহাশয় এর পাশে সর্বদা সহযোগিতায় ও আপদ বিপদ সর্বদাই পাশে রয়েছেন। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে অনুরোধ করেছেন স্বপন দত্ত যাতে এই পত্রিকার সরকারিভাবে বিজ্ঞাপন পায় তার অনুমোদন দেওয়ার জন্য।লকডাউন এর ফলে দুস্ত ও সমস্ত সরকারি-বেসরকারি সাংবাদিকরা তাদের পারিবারিক অবস্থা খুব

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# শপথ নিলেন রাহুল গান্ধী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভার সদস্য হিসেবে শপথ নিয়েছেন ভারতের জাতীয় কংগ্রেস দলের নেতা রাহুল গান্ধী। মঙ্গলবার হাতে সংবিধানের একটি কপি নিয়ে শপথ গ্রহণ করেন তিনি। শপথ পাঠের পর জয় সংবিধান বলেও স্লোগান দিতে দেখা যায় তাকে। এবার উত্তরপ্রদেশের রায়বরেলি ও কেরালার ওয়েনাড থেকে বিজয়ী হন রাহুল গান্ধী।

তবে ওয়েনাড থেকে নয়, রায়বরেলীর সংসদ সদস্য হিসেবেই সংসদে শপথ নিয়েছেন রাহুল গান্ধী। ওয়েনাড রাহুল গান্ধী ছেড়ে দেওয়ায় সেখানকার উপনির্বাচনে কংগ্রেসের হয়ে তার বোন প্রিয়াঙ্কা গান্ধী লড়বেন।

রায়বরেলীতে এবার রেকর্ড ভোটে জয়ী হয়েছেন রাহুল। এই আসনে ২০১৯ সাল পর্যন্ত সংসদ সদস্য ছিলেন সোনিয়া। তারও আগে রায়বরেলী থেকে কংগ্রেসের সংসদ সদস্য ছিলেন সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী।

কংগ্রেসের এই পুরনো ঘাঁটিতে রাহুল এ বছর পেয়েছেন মা সোনিয়ার থেকেও বেশি ভোট। বিজেপির প্রার্থীকে হারিয়েছেন প্রায় চার লাখ ভোটে। ২০১৯ সালের লোকসভা ভোটে উত্তরপ্রদেশের আমেথি থেকে হেরে গেলেও কেরালার ওয়েনাড জিতিয়েছিল রাহুলকে। এবার রায়বরেলীতে জেতার পরে সেই ওয়েনাড ছেড়ে দিলেন রাহুল।

২০১৪ সালে ৪৪ ও ২০১৯-এ ৫২টি আসনে জেতা কংগ্রেস এবার লোকসভা নির্বাচনে ৯৯টি আসন জিতে 'প্রধান বিরোধী দল'-এর মর্যাদা পুনরুদ্ধার করেছে দলটি। ফলে এক দশক পরে লোকসভায় ফিরতে চলেছে 'বিরোধী দলনেতা' পদ।

# দিল্লি হাইকোর্টে আটকে গেল কেজরিওয়ালের জামিন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে নিম্ন আদালতের দেওয়া জামিনের নির্দেশের ওপর স্থগিতাদেশ দিয়েছেন দিল্লি হাইকোর্ট। ফলে আপাতত তিহার জেলেই থাকতে হচ্ছে আম আদমি পার্টির (আপ) এই নেতাকে।

মঙ্গলবার দিল্লি হাইকোর্টের বিচারপতি সুধীরকুমার জৈন ও বিচারপতি রবীন্দর দুদেজার অবকাশকালীন বেঞ্চ এই আদেশ দেন।

আগামীকাল বুধবার সুপ্রিম কোর্ট কেজরিওয়ালের জামিনসংক্রান্ত আবেদন বিবেচনা করবেন।

আবগারি (মদ) মামলায় ঘুষের অভিযোগে ভারতের কেন্দ্রীয় সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) গত ২৩ মার্চ কেজরিওয়ালকে গ্রেফতার করে। কেজরিওয়াল সেই গ্রেফতারের বৈধতা চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের শরণাপন্ন হয়েছিলেন। তার আবেদন ছিল, ভোটে প্রচার ঠেকাতে মিথ্যা অভিযোগে তাকে গ্রেফতার করা হয়েছে। সে আবেদন শুনে সুপ্রিম কোর্ট তাকে লোকসভা ভোটে প্রচারের অনুমতি দিয়েছিলেন। ভোট শেষে তিহার জেলে ফিরে যাওয়া কেজরিওয়াল জামিনের জন্য নিম্ন আদালতে আবেদন করেন। রাউস অ্যাভিনিউয়ের নিম্ন আদালত সেই জামিন মঞ্জুর করলে ইডি তা বাতিল চেয়ে হাইকোর্টে আবেদন করে। মঙ্গলবার বিচারপতি সুধীরকুমার জৈন ও বিচারপতি রবীন্দ্র দুদেজার অবকাশকালীন বেঞ্চ ইডির আবেদন মেনে জামিনের আদেশের ওপর স্থগিতাদেশ দেন।

নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে হাইকোর্টে গিয়ে ইডির পক্ষে আইনজীবী দেশের অতিরিক্ত সলিসিটর জেনারেল এস ভি রাজু বলেন, বেআইনি আর্থিক লেনদেন প্রতিরোধ আইনের (পিএমএলএ) ৪৫ নম্বর ধারা অনুযায়ী জামিনের বিরোধিতা করে যেসব নথি ইডি পেশ করেছিল, নিম্ন আদালত তা যথাযথভাবে বিবেচনা করেননি। তাকে সবকিছু বলার সুযোগও দেওয়া হয়নি। একতরফাভাবে জামিন মঞ্জুর করা হয়েছে। এর পাল্টা কেজরিওয়ালের আইনজীবীদের বক্তব্য ছিল, দিল্লির মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এখনও কোনও অকাট্য প্রমাণ ইডি দাখিল করতে পারেনি। অর্থের লেনদেনও প্রমাণ করতে পারেনি। মঙ্গলবার রায় দেওয়ার সময় হাইকোর্টের বিচারপতিরা অবশ্য বলেন, জামিনের নির্দেশ দেওয়ার আগে নিম্ন আদালত ইডির জমা দেওয়া বিপুল নথির যথাযোগ্য বিবেচনা ও তাদের যুক্তিগুলোর মূল্যায়ন যথাযথভাবে করেননি।

কেজরিওয়ালকে নিম্ন আদালত ২০ জুন জামিন দেন। সেই নির্দেশ ৪৮ ঘণ্টা স্থগিত রাখার অনুরোধ জানিয়েছিল ইডি। কিন্তু নিম্ন আদালত তা মঞ্জুর করেননি। এক লাখ রুপি বন্ডের বিনিময়ে জামিন পাওয়ার আগেই ইডি পরদিন দিল্লি হাইকোর্টের শরণাপন্ন হয়।

# সিনেমার খবর

cinema TV

## সোনাক্ষী কি পরিবারের অমতে বিয়ে করছেন?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আগামী ২৩ জুন বিয়ের পিঁড়িতে বসছেন বলিউড অভিনেত্রী সোনাক্ষী সিনহা। দীর্ঘদিনের প্রেমিক জাহির ইকবালের গলায় মালা দেবেন অভিনেত্রী। তবে তার প্রেমিক জাহির মুসলিম হওয়ায় বিয়েতে মত নেই পরিবারের। কয়েকদিন ধরেই এমন গুঞ্জন চলছিল। বিষয়টি নিয়ে মুখে কুলুপ এঁটেছিলেন অভিনেত্রীর বাবা শত্রুঘ্ন সিনহা। ফলে অনেকেই কাছেই গুঞ্জনটি বিশ্বাসযোগ্য মনে হয়েছিল। সুযোগ পেয়ে নেটিজেনরাও কটাক্ষ করছিলেন নায়িকাকে।

এবার নীরবতা ভাঙলেন শত্রুঘ্ন। নিন্দুকদের নিলেন এক হাত। তিনি বলেন, 'আমাকে বলো, এটা কার জীবন? এটা শুধু আমার একমাত্র মেয়ে সোনাক্ষীর জীবন, যাকে নিয়ে আমি খুব গর্বিত। সে আমাকে তার শক্তির স্তম্ভ বলে। বিয়েতে আমি অবশ্যই থাকব। আর কেনই বা থাকব না'।

শত্রুঘ্ন স্পষ্ট করে দেন, 'সঙ্গী বেছে নেয়ার সমস্ত অধিকার তার মেয়ের আছে। আর জাহির ও সোনাক্ষীর জুটি নিয়ে বর্ষীয়ান অভিনেতার বক্তব্য ছিল, 'সোনাক্ষী এবং জহিরকে তাদের জীবন একসঙ্গে কাটাতে হবে। তাদের একসঙ্গে খুব সুন্দর দেখাচ্ছে।'

১৯ জুন থেকেই শুরু হয়েছে সোনাক্ষীর বিয়ের অনুষ্ঠান। বিয়ের আয়োজন হয়েছে বান্দ্রায় তার নিজের বাড়িতেই। অতিথির সংখ্যা কম বলেই বাড়িতে বিয়ের আয়োজন করেছেন সোনাক্ষী। এখন পর্যন্ত প্রকাশ্যে আনা হয়নি বিয়ের মেনু বা অন্যান্য বিষয়।

## যেভাবে আহত হলেন প্রিয়াঙ্কা চোপড়া




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রায় বছর দশেক আগে বলিউড ছেড়ে হলিউডে পাড়ি জমান ভারতীয় অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। তাছাড়াও যুক্তরাষ্ট্রে স্বামী নিক জোনাস ও মেয়ে মালতী মেরি চোপড়া জোনাসকে নিয়ে সাজিয়েছেন সুখের ঘর।

এবার আচমকাই চোট পেয়েছেন প্রিয়াঙ্কা। গলায় লম্বা দাগ। অনেকটাই কেটে গিয়েছে অভিনেত্রীর। কিন্তু কী ভাবে এমন আঘাত পেলেন সাবেক এই বিশ্বসুন্দরী?

বর্তমানে প্রিয়াঙ্কা রয়েছেন অস্ট্রেলিয়ায়। সঙ্গে রয়েছে মেয়ে মালতী। সেখানেই প্রিয়াঙ্কা তার পরবর্তী ছবি 'দ্য ব্লাফ'-এর শুটিং-এ ব্যস্ত। নারী দস্যুদের গল্প নিয়ে তৈরি এই সিনেমা। এখানে দস্যুর চরিত্রে দেখা যাবে প্রিয়াঙ্কাকে। হয়তো ছবিটি ভরপুর অ্যাকশনের হবে। এমনই এক দৃশ্য অভিনয় করার সময় রক্তাক্ত হন প্রিয়াঙ্কা। নিজের গলায় কাটা দাগের ছবি দিয়ে প্রিয়াঙ্কা লেখেন, "পেশাগত প্রতিবন্ধকতা।" আসলে একটি স্টান্ট করতে গিয়েই আঘাত লাগে তার। তবে আপাতত সুস্থ আছেন অভিনেত্রী। 'দ্য ব্লাফ' মুক্তি পাবে অ্যামাজন প্রাইম ভিডিয়োতে।

## গুঞ্জন উড়িয়ে দিয়ে প্রকাশ্যে অন্তঃসত্ত্বা দীপিকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** শিগগিরই মা হতে চলেছেন বলিউড অভিনেত্রী দীপিকা পাডুকোন, এমন খবর প্রকাশ হওয়ার পর পরই নেটিজেনদের অনেকেই তা বিশ্বাস করেনি। কারণ, দীপিকা অন্তঃসত্ত্বা অবস্থাতে বিভিন্ন কাজে বেশ দৌড়ঝাপের ওপরে ছিলেন। এ ছাড়াও তার বেবিবাম্প তাদের চোখে না পড়ায় নেটিজেনরা ধারণা করতে থাকেন দীপিকা সারোগেসির সাহায্যে মা হতে চলেছেন।



এবার সব জল্পনাকে উড়িয়ে দিয়ে প্রথমবারের মত বেবিবাম্প নিয়ে প্রকাশ্যে ক্যামেরার সামনে আসলেন দীপিকা পাডুকোন। সম্প্রতি তার আসন্ন বলিউড সিনেমা 'কল্কি' এর প্রচারে এসেছিলেন এই নায়িকা। এ সময় সকলের চোখে পড়ে দীপিকার স্পষ্ট বেবিবাম্প।

সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ হওয়া একটি ভিডিওতে দেখা যায়, কালো পোশাক পরে হাতে মাইক নিয়ে তার সিনেমার প্রচারে বক্তব্য দিচ্ছেন দীপিকা। সবার সামনে বেশ স্বতঃস্ফূর্তভাবেই কথা বলতে শুরু করেন তিনি। এ সময় তার কালো পোশাকটি টাইট ফিটিংয়ের হওয়ায় বেবিবাম্পটি স্পষ্ট দেখা যায়।

এরপর ১৯ জুন সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের বেবিবাম্পের একটি ছবি পোস্ট করেন দীপিকা। সেখানে নায়িকার অনুরাগীরা উল্লাস প্রকাশ করেন। মন্তব্যের ঘরে তাদের দাবি, সমালোচকদের এভাবেই জবাব দিলেন দীপিকা।

প্রসঙ্গত, ভারতের লোকসভা নির্বাচনের সময় বেবিবাম্প নিয়ে কটাক্ষের মুখে পড়তে হয়েছিল অভিনেত্রীকে। সহ্য করতে না পেরে স্ত্রীকে সমর্থন করে রণবীর সিং মুখ খুলেছিলেন সামাজিক মাধ্যমে। তবে চুপ ছিলেন দীপিকা। অবশেষে বেবিবাম্পের ছবি প্রকাশ্যে এনে সমালোচকদের নীরব জবাব দিলেন নায়িকা।

## পেছাল তারিখ, কবে মুক্তি পাবে 'পুষ্পা ২'?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আল্লু অর্জুন ও রাশমিকা মান্দানা অভিনীত 'পুষ্পা ২: দ্য রুল' চলতি বছরের বহুল প্রতীক্ষিত সিনেমা। 'পুষ্পা: দ্য রাইজ' বক্সঅফিসে দুর্দান্ত সাফল্য পেয়েছিল। গানগুলোও জায়গা করে নেয় দর্শক হৃদয়ে।

তবে 'পুষ্পা ২' সিনেমার মুক্তির দিন নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা। এ বছরের ১৫ আগস্ট মুক্তি পাওয়ার কথা ছিল সিনেমাটির। তবে সেই তারিখ আর থাকছে না।

অবশেষে নির্মাতারা জানিয়েছেন, সিনেমাটির মুক্তির তারিখ পেছানো হয়েছে। তাদের তথ্য অনুযায়ী, এ বছরের ১৫ আগস্টের পরিবর্তে আগামী ৬ ডিসেম্বর সিনেমাটি মুক্তি পাবে। আল্লু অর্জুন ইনস্টাগ্রামে এ তথ্য পোস্ট করেছেন। মুক্তির তারিখ জানানোর পাশাপাশি পুষ্পার একটি নতুন লুক দেখা গেছে।

ইনস্টাগ্রামে আল্লু অর্জুন লিখেছেন, '২০২৪ সালের ৬ ডিসেম্বর থেকে সিনেমা হলে দেখা যাবে 'পুষ্পা ২: দ্য রুল'।

## ৫ বছর পর

# ভারত সফরে যাচ্ছে বাংলাদেশ দল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আগামী সেপ্টেম্বরে ভারত সফরে যাচ্ছে বাংলাদেশ ক্রিকেট দল। সফরে ভারতের বিপক্ষে দু'টি টেস্ট ও তিনটি টি-টোয়েন্টি খেলবে টাইগাররা।

সর্বশেষ ২০১৯ সালে ভারতে দ্বিপক্ষীয় সিরিজ খেলেছে বাংলাদেশ দল। সেবার দু'টি টেস্ট ও তিনটি টি-টোয়েন্টি খেলেছিল বাংলাদেশ দল। এর ফলে প্রায় পাঁচ বছর পর আবারও ভারত সফরে যাচ্ছেন নাজমুল-মুশফিকরা। বাংলাদেশের বিপক্ষে দ্বিপক্ষীয় সিরিজ দিয়েই ঘরের মাঠে ২০২৪-২৫ আন্তর্জাতিক মৌসুম শুরু করবে ভারত। আগামী ১৯ সেপ্টেম্বর চেন্নাইয়ে শুরু হবে সিরিজের প্রথম টেস্ট। কানপুরে সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্টটি শুরু হবে ২৭ সেপ্টেম্বর থেকে। দুটো ম্যাচই শুরু হবে বাংলাদেশ সময় সকাল ১০টায়।

টি-টোয়েন্টি সিরিজ অনুষ্ঠিত হবে ৬, ৯ ও ১২ অক্টোবর। প্রথম ম্যাচ ধর্মশালা, দ্বিতীয় ম্যাচ দিল্লি ও তৃতীয় ম্যাচের ভেন্যু হলো হায়দরাবাদ। সবগুলো ম্যাচই শুরু হবে বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ৭টায়।

এ নিয়ে তৃতীয়বার ভারতের মাটিতে দ্বিপক্ষীয় সিরিজ খেলতে যাচ্ছে বাংলাদেশ। গতবার প্রথম টি-টোয়েন্টি জিতলেও পরের দু'টিতে হেরে সিরিজ খোয়ায় টাইগাররা। আর টেস্ট সিরিজে হয় ধবলধোলাই। এর আগে ২০১৭ সালে শুধুমাত্র একটি টেস্ট খেলার জন্য ভারত সফর করে বাংলাদেশ। হায়দরাবাদে অনুষ্ঠিত সেই ম্যাচটি ভারত জেতে ২০৮ রানের বড় ব্যবধানে।

## বাংলাদেশকে হারিয়ে

# যা বললেন রশিদ খান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রথমবারের মতো সেমিফাইনাল নিশ্চিত করেছে আফগানিস্তান। বাংলাদেশের হারে বিদায় নিশ্চিত হয়ে গেছে অস্ট্রেলিয়ারও।

ম্যাচ শেষে আফগান অধিনায়ক রশিদ খান বলেন, আমরা ভেবেছিলাম ১৩০-১৩৫ ভালো সংগ্রহ। কিন্তু আমরা ১৫ রান কম করেছি। আমরা জানতাম যে বাংলাদেশ চালিয়ে খেলবে আর আমাদেরকে সুযোগগুলো নিতে হবে। আমাদের অতিরিক্ত কিছু করার দরকার ছিল না, শুধুমাত্র নিজেদের পরিকল্পনামতো খেলার চেষ্টা করলেই যে হতো এটা আমরা জানতাম।

সেমি-ফাইনালে উঠে ব্রায়ান লারাকে ধন্যবাদ দিয়ে রশিদ বলেন, কেবলমাত্র ব্রায়ান লারা বিশ্বাস করেছিলেন যে আমরা সেমিতে উঠতে পারব। আমরা তাকে ঠিক প্রমাণ করেছি। আমরা যখন তার সঙ্গে একটা পার্টিতে দেখা করেছি তখন তাকে বলেছিলাম যে আমরা তাকে হতাশ করব না।

আফগানিস্তানের জনগণকে নিয়ে রশিদ বলেন, আমরা ঘরের লোকদের খুশি করতে চেয়েছি। সবাই এটার জন্য কঠোর পরিশ্রম করেছে। আফগানিস্তানে এখন দারুণ উৎসব চলছে। আমাদের জন্যও এটা অনেক বড় অর্জন। আমরা অনূর্ধ্ব-১৯ পর্যায়ে এর আগে এখানে পৌঁছেছি, কিন্তু এটা বিশ্বকাপ। আমার বলার ভাষা নেই যে আফগানিস্তানে এখন কতবড় উৎসব চলছে।

উল্লেখ্য, মঙ্গলবার কিংস্টনে টস জিতে আগে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১১৫ রান তোলে আফগানিস্তান। দলের হয়ে সর্বোচ্চ ৪৩ রান করেন রহমানুল্লাহ গুরবাজ। ম্যাচের মাঝে বৃষ্টি হানা দিলে ডিএলএসে বাংলাদেশের জন্য লক্ষ্য দাঁড়ায় ১৯ ওভারে ১১৪ রানে। জবাবে খেলতে নেমে ১৭ ওভার ৫ বলে ১০৫ রানে অলআউট হয় বাংলাদেশ।

## এমবাপের চোটে

# বিকল্প পরিকল্পনায় ফ্রান্স



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** দলে তারকার অভাব নেই। তবে একজন কিলিয়ান এমবাপের উপস্থিতি যে কোনো দলকেই বাড়তি অনুপ্রেরণা যোগাতে বাধ্য। নাক ভেঙ্গে যাওয়ায় গ্রুপের দ্বিতীয় ম্যাচে নেদারল্যান্ডসের বিপক্ষে শুক্রবার সেই এমবাপেকে পাচ্ছে না ফ্রান্স। কোচ দিদিয়ের দেশ্যমকেও তাই বাধ্য হয়ে হাত বাড়াতে হচ্ছে প্ল্যান-বির দিকে।

গত সোমবার অস্ট্রিয়ার বিপক্ষে ডাসেলডর্ফে একেবারে শেষ মিনিটে হেড করতে গিয়ে প্রতিপক্ষ ডিফেন্ডার কেভিন ডানসোর ঘাড়ে আঘাত লেগে নাক ভাঙ্গেন এমবাপে। তার পরিবর্তে মাঠে নামেন অলিভিয়ে জিরু। ম্যাচটিতে ফেবারিট ফ্রান্স ১-০ গোলে জয়ী হয়ে পূর্ন তিন পয়েন্ট নিয়ে মাঠ ছাড়ে।

ফ্রেঞ্চ ফুটবল ফেডারেশন পরবর্তীতে জানিয়েছে, এমবাপে কোন ধরনের অস্ত্রোপচারের প্রয়োজন নেই। কিন্তু একইসাথে তারা বিবৃতিতে নিশ্চিত করে, মাঠে নামতে হলে তাকে মাস্ক পরে খেলতে হবে। যদিও ডাচদের বিপক্ষে লিপজিগের ম্যাচের আগে ২৫ বছর বয়সী এমবাপে পুরোপুরি ফিট হতে পারেননি।

দেশ্যমের আশা, তার দল ইতিবাচক ফল নিয়েই মাঠ ছাড়বে। এই ম্যাচে জিততে পারলেই শেষ ষোলর টিকেট পাবে ফ্রান্স। আর তা হলে গ্রুপ-ডির ম্যাচে পোল্যান্ডের বিপক্ষেও এমবাপেকে বিশ্রামে রাখতে পারবেন দেশ্যম।

কিন্তু এই মুহূর্তে বিশ্বের অন্যতম সেরা এই স্ট্রাইকারকে ছাড়া নেদারল্যান্ডসের বিপক্ষে লেস ব্লুজরা যথেষ্ঠ শক্তিমত্তার পরিচয় দিতে পারবে কিনা তা নিয়ে শঙ্কা থেকেই যায়। এ প্রসঙ্গে অবশ্য মিডফিল্ডার আদ্রিয়ের রাবোয়িত আত্মবিশ্বাসী।

'অবশ্যই সে আমাদের গুরুত্বপূর্ণ একজন খেলোয়াড়, আমাদের অধিনায়ক, আমাদের নেতা। সে কারণেই তার অনুপস্থিতি দলে প্রভাব পড়বে। কিন্তু আমাদের দলটি একটি ভিন্নধর্মী দল। বেঞ্চে যারা রয়েছে তারা সমান প্রতিভাবান। কিলিয়ানের বদলী হিসেবে দলে যথেষ্ট খেলোয়াড় মজুত আছে। বেঞ্চের খেলোয়াড়দের উপর আমার পূর্ণ আস্থা আছে। তাদের প্রতিভা নিয়েও কোন সন্দেহ নেই।'

জিরু ও থিয়েরি অঁরির পর ৮০ ম্যাচে ৪৭ গোল করে জাতীয় দলের জার্সিতে সর্বকালের সর্বোচ্চ গোলদাতার তালিকায় তৃতীয় স্থানে রয়েছেন এমবাপে। ফ্রান্সের শেষ ছয় ম্যাচে এমবাপে মাত্র একটি গোল করেছেন। লুক্সেমবার্গের বিপক্ষে ইউরোর প্রস্তুতি ম্যাচে তিনি গোলটি করেন।

তবে কাতারে সর্বশেষ বিশ্বকাপে এমবাপে দুর্দান্ত খেলেছেন। পুরো টুর্নামেন্টে করেছেন সর্বমোট আট গোল, ফাইনালে আর্জেন্টিনার বিপক্ষে হ্যাটট্রিক করেছিলেন।

২০২৪ ইউরো বাছাইপর্বে দুইবার নেদারল্যান্ডসের মুখোমুখি হয়েছে ফ্রান্স। প্যারিসে ৪-০ গোলের জয়ের ম্যাচটিতে এমবাপে জোড়া গোল করেন। এরপর আমস্টারডামে ফিরতি ম্যাচেও ফ্রান্স ২-১ ব্যবধানে জয়ী হয়।

সাত বছরের বর্ণাঢ্য ক্যারিয়ার শেষে সদ্য পিএসজি ছাড়া এমবাপেকে বাদ দিয়ে ফ্রান্স মাঠে কেমন পারফর্ম করে সেটাই এখন দেখার বিষয়। এমবাপেকে বদলী বেঞ্চে রেখে গত সেপ্টেম্বরে জার্মানির বিপক্ষে প্রীতি ম্যাচে ২-১ ব্যবধানে হেরেছিল দেশ্যমের দল। প্রাক-টুর্নামেন্টের শেষ ম্যাচেও খর্বশক্তির কানাডার সাথে গোলশূন্য ড্রয়ের ম্যাচটিতে একেবারে শেষ মুহূর্তে মাঠে নেমেছিলেন এমবাপে।

এমবাপেকে ছাড়া ফ্রান্সের আক্রমনভাগ সমান শক্তিমত্তা যে দেখাতে পারবেনা সেটা সহজেই অনুমেয়। যদিও এখনো পর্যন্ত ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে কোন গোল করতে পারেননি এমবাপে। তিন বছর আগে সবশেষ ইউরোতে এমবাপে কোন গোল করতে ব্যর্থ হন। এমনকি শেষ ষোলতে সুইজারল্যান্ডের বিপক্ষে তার পেনাল্টি মিসেই ফ্রান্স বিদায় নিয়েছিল।

অস্ট্রিয়ার বিপক্ষে গোলরক্ষককে একা পেয়েও তিনি কাজে লাগাতে পারেননি। তার অনুপস্থিতিতে দেশ্যমের হাতে নিশ্চিতভাবে একটি বিকল্প রয়েছে, অভিজ্ঞ জিরু। নেদারল্যান্ডসের বিপক্ষে জিরুর মূল দলে খেলার সম্ভাবনাই বেশী। এই টুর্নামেন্টের পর ৩৭ বছর বয়সী এই স্ট্রাইকার এমএলএস'এ যোগ দিচ্ছেন। সম্প্রতি তিনি উরুর সামান্য ইনজুরিতে ভুগছেন। কাতারে তিনি ফ্রান্সের হয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। শেষ মুহূর্তে করিম বেনজেমা ইনজুরির কারণে দলে থাকতে না পারায় তার সামনে নিজেকে প্রমানের দরজা খুলে যায়।

অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচের পর জিরু বলেন, 'আমার মানসিক পরিকল্পনা সবসময় একই থাকে। কোচ যখনই আমাকে সুযোগ দিক না কেন আমি শতভাগ দেবার চেষ্টা করি। সবাই জানে আমি সবসময় দলের চিন্তা করি, নিজের চিন্তা আগে মাথায় আসে না।'

আরো একটি অপশন দেশ্যমের হাতে রয়েছে। লেফট উইং এবং সেন্ট্রাল রোলে তিনি মার্কাস থুরামকে খেলাতে পারেন। ২০ ম্যাচে এ পর্যন্ত থুরাম দেশের হয়ে মাত্র দুই গোল করেছেন। এর মধ্যে একটি আবার পুঁচকে জিব্রালটারের বিপক্ষে।

এছাড়াও আরো রয়েছেন রানডাল কোলো মুয়ানি। কিন্তু পিএসজিতে এমবাপের কারণে মূল দলে জায়গা না পেয়ে কঠিন একটি মৌসুম কাটানোর পর তার আত্মবিশ্বাসে ঘাটতি রয়েছে।

একটি বিষয় অন্তত নিশ্চিত যে এন'গোলো কান্তে দলে ফেরায় রক্ষনভাগে যে শক্তিশালী পারফরমেন্স ফ্রান্স অস্ট্রিয়ার বিপক্ষে দেখিয়েছে তাতে অন্তত এমবাপে ফেরার আগে দলকে এই বিভাগ নিয়ে কোন চিন্তা করতে হচ্ছে না। সে কারণে প্রতিপক্ষ যেই হোক না কেন তাদের প্রতিরোধ করার যথেষ্ঠ শক্তি বর্তমান ফরাসি দলটির রয়েছে।

## ইতালিকে হারিয়ে শেষ ষোলোয় স্পেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মোরাতা-ইয়ামাল-উইলিয়ামসদের ঝড়ের মুখে উড়ে যাওয়ার অবস্থা হয়েছিল ইতালির। আক্রমণের ঝাপটা সামলাতে গিয়ে পাল্টা আক্রমণে মাঝমাঠেই তেমন পার হতে পারছিল না দলটি। প্রথমার্ধে কোনোমতে জাল অক্ষত রাখতে পারলেও বিরতির পর আর পারল না লুসিয়ানো স্পালেত্তির দল। গতবারের চ্যাম্পিয়নদের হারিয়ে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের নকআউট পর্বে জায়গা করে নিল স্পেন।

জার্মানির গেলসেনকিরশেনে বৃহস্পতিবার রাতে 'বি' গ্রুপের ম্যাচে ১-০ গোলে জিতেছে লুইস দে লা ফুয়েন্তের দল। আত্মঘাতী গোলটি করেন রিকার্দো কালাফিওরি।

ম্যাচে স্পেনের গতিময় ও আক্রমণাত্মক ফুটবলের সামনে রীতিমতো কোণঠাসা হয়েছিল ইতালি। নিকো উইলিয়ামস, লামিনে ইয়ামাল, পেদ্রি এবং আলভারো মোরাতারা ম্যাচজুড়ে দুর্দান্ত খেলেছেন। রক্ষণে দৃঢ়তা না থাকলেও এবং গোলরক্ষক জিয়ানলুইজি দোন্নারুম্মা বারবার ত্রাতা হয়েছেন। তা না হলে এ ম্যাচে ইতালির হারের ব্যবধান আরও বড় হতে পারত।

প্রথমার্ধে লড়াইটা ছিল মূলত স্পেনের আক্রমণের সঙ্গে ইতালির রক্ষণের। বিশেষ করে ইতালির অধিনায়ক ও গোলরক্ষক দোন্নারুম্মা ছিলেন অনন্য। পোস্টের সামনে পিএসজির এ গোলরক্ষক দেয়াল তুলে না দাঁড়ালে এ অর্ধে অন্তত ৩-৪ গোল হজম করতে পারত বর্তমান চ্যাম্পিয়নরা। প্রথমার্ধে খেলা এতটাই একমুখী ছিল যে স্পেনের ৯ শটের বিপরীতে ইতালি শট নিতে পেরেছি মাত্র ১টি। আজ্জুরিদের সেই একমাত্র শটটিও পোস্টের আশপাশে ছিল না।

বিরতির পরও অব্যাহত ছিল স্পেনের দাপুটে ফুটবল। ৫২ মিনিটে আবারও অল্পের জন্য গোলবঞ্চিত হয় স্পেন। বাঁ প্রান্ত দিয়ে আক্রমণে গিয়ে মার্ক কুকুরেয়া বল বাড়ান পেদ্রিকে। পোস্টের কাছাকাছি জায়গা থেকে পেদ্রির শট চলে যায় বাইরে দিয়ে। একটু পর বক্সের বাইরে থেকে পেদ্রির শট ঠেকান দোন্নারুম্মা। স্পেন না পারলেও স্প্যানিশ আক্রমণের চাপ সামলাতে না পেরে শেষ পর্যন্ত আত্মঘাতী গোল খেয়ে বসে ইতালি।

## টি-টোয়েন্টিতে

# রানের রেকর্ড রোহিত শর্মার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টিতে শীর্ষ রানের রেকর্ড এখন ভারতীয় অধিনায়ক রোহিত শর্মার। তিনি করেছেন ৪১৬৫ রান। এর আগে শীর্ষ রানের রেকর্ড ছিল বাবর আজমের (৪১৪৫)। আর ভারতীয় খেলোয়াড়দের মধ্যে এই রেকর্ড ছিল বিরাট কোহলির (৪১০২) রান।

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সেমিফাইনালে ওঠার মতো গুরুত্বপূর্ণ ম্যাচে ১৯ বলে অর্ধশতরান করেছেন রোহিত। আউট হওয়ার আগে ৩৮ বলে তিনি করেছেন ৯২ রান। ইতিমধ্যেই আটটি ছক্কা এবং আটটি চার মেরেছেন তিনি। বিরাট আউট হলেও তার অভাব বুঝতে দিচ্ছেন না ভারত অধিনায়ক।

টস জিতে শুরুতে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নিয়েছেন অস্ট্রেলিয়ার অধিনায়ক মিচেল মার্শ। সেন্ট লুসিয়ায় ম্যাচটি শুরু হয় বাংলাদেশ সময় রাত সাড়ে আটটায়।

১০ ওভারে শেষে ১১৪ রান তুলে ফেলেছে ভারত। তার মধ্যে রোহিত একাই করেছেন ৯২ রান। পুল, হুক যেমন করছেন, তেমনই ড্রাইভ মারছেন কভারে। লং অফের উপর দিয়ে তুলে দিচ্ছেন বল। একটি মারলেন স্টেডিয়ামের ছাদে। অস্ট্রেলিয়ার বোলারদের একাই চাপে রাখছেন রোহিত।

## বিবর্ণ ইংল্যান্ডকে

### রুখে দিল ডেনমার্ক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সার্বিয়ার বিপক্ষে প্রথম ম্যাচে খুব একটা গোছানো ফুটবল খেলতে না পারেলও বেলিংহ্যামের নৈপুণ্যে জয় নিয়ে মাঠ ছেড়েছিল ইংল্যান্ড। তবে ফের বিবর্ণ ফুটবল খেলা সাউথগেটের শিষ্যদের রুখে দিয়েছে ডেনমার্ক।

ফ্রাঙ্কফুর্টে বৃহস্পতিবার রাতে 'সি' গ্রুপের ডেনমার্কের সঙ্গে ১-১ গোলে ড্র করেছে গতবারের রানার্সআপরা। হ্যারি কেইনের গোলে শুরুতে লিড নিলেও খুব বেশিক্ষণ ধরে রাখতে পারেনি ইংলিশরা। প্রথমার্ধেই ড্যানিশদের সমতায় ফেরায় ড্যানিশরা।

তবে জয় না পেলেও এই ম্যাচে থেকে এক পয়েন্ট নিয়ে শেষ ষোলোর পথে এগিয়ে গেছে ইংল্যান্ড।

এখনো নিজেদের প্রথম ইউরোর খুঁজে থাকা ইংলিশরা এবার সম্ভবত নিজেদের সেরা অ্যাটাকিং লাইন নিয়ে জার্মানি এসেছিল। তবে এখনো সেভাবে নিজেদের মেলে ধরতে পারেননি ফোডেন- বেলিংহ্যাম-কেইনরা।

মাঝমাঠে ছোট ছোট পাসে বল নিজেদের দখলে ইংলিশরা প্রথম আক্রমণে যায় ম্যাচের ১৩ তম মিনিটে। কাইল ওয়াকারের পাস ধরে বক্সে ঢুকে পড়া ফিল ফোডেন শট নেওয়ার জন্য যথেষ্ট সময় পেয়েছিলেন। তবে জায়গা বানিয়ে নেওয়া তার সেই শট লক্ষ্যের ধারে কাছেও ছিল না।

একটু পরেই অবশ্য হ্যারি কেইন দলকে লিড এনে দেন। প্রতিপক্ষ ডিফেন্ডার থেকে বলে কেড়ে নিয়ে বক্সে দারুণ এক পাস দেন কাইল ওয়াকার। বল প্রতিপক্ষের দুজনের পায়ে লেগে চলে যায় কেইনের কাছে। বল জালে জড়াতে কোন ভুল করেননি এই ইংলিশ তারকা।

গোল হজম করেই যেন নড়েচড়ে বসে ডেনমার্ক। সমতায় ফিরতে যায় পাল্টা আক্রমণে। চাপ বাড়িয়ে দ্রুত গোলের দেখাও পেয়ে যায় দলটি। ৩৪ তম মিনিটে ড্যানিশদের সমতায় ফেরান মর্টেন হিলমান্ড বক্সের বেশ বাইরে থেকে হিলমান্ডের নেওয়া বুলেট গতির শট ইংলিশ গোলরক্ষক জর্ডান পিকফোর্ডকে ফাঁকি দিয়ে জালে জড়ালে ম্যাচে ফেরে ডেনিশরা।

সমতা ফেরানোর পর ম্যাচে নিজেদের নিয়ন্ত্রণ আরও ভালোভাবে প্রতিষ্ঠা করে ডেনমার্ক। প্রথমার্ধের বাকি সময়ে তেমন কোন উল্লেখযোগ্য আক্রমণে যেতে পারেনি ইংলিশরা।

দ্বিতীয়ার্ধে আক্রমণে কিছুটা ধার বাড়ে কেইনদের। ৫৬তম মিনিটে ভাগ্য সহায় হলে অবশ্য ফের এগিয়ে যেতে পারত সাউথগেটের দল। তবে ফোডেনের শট ফিরে পোস্টে লেগে ফিরে আসলে অপেক্ষা দীর্ঘ হয় ইংলিদের।

তবে বাকি সময়ে আক্রমণ ভাগের বিবর্ণতায় সেই অপেক্ষার ফুরোয়নি। বিশেষ করে ৭১ মিনিটে গোলরক্ষককে একা পেয়েও ওলি ওয়াটকিনস জালে বল জড়াতে পারেননি। ডেনমার্কও দ্বিতীয়ার্ধে বেশ কয়েকটি জোড়ালো আক্রমণ করেছিল তবে সফল হয়নি।

গ্রুপ পর্বে নিজেদের শেষ ম্যাচে আসরের অন্যতম ফেভারিট ও আয়োজক জার্মানির মুখোমুখি হবে হ্যারি কেইনরা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR